Note: Bank will update the payment transactions only at the end of the day, so the tenderers should make sure the securities and other payments are made at least one day before the submission date.



## View IFT /PQ / REOI / RFP Notice Details

Ministry :	Ministry of Finance	Division :	Financial Institutions Division
Organization :	Investment Corporation of Bangladesh	Procuring Entity Name :	Procurement & Common Service Department
Procuring Entity Code :		Procuring Entity District :	Dhaka
Procurement Nature :	Goods	Procurement Type :	NCT
Event Type :	TENDER	Invitation for :	Tender - Single Lot
Invitation Reference No. :	2019-20/ICB/Backup Data Center	Tender/Proposal Status :	Live
App ID :	161331	Tender/Proposal ID :	452608
Re-Tendered ID :	401433		

## Key Information and Funding Information :

Procurement Method :	Open Tendering Method (OTM)	Budget Type :	Own Fund
Source of Funds :	Own Fund		

## Particular Information :

Project Code :	Not applicable	Project Name :	Not applicable
Tender/Proposal Package No. and Description :	2019-20/ICB/Online UPS Supply Testing Commissioning of Online UPS		
Category :	Office and computing machinery, equipment and supplies; Office machinery, equipment and supplies except computers; Computer equipment and supplies; Data-processing machines; Digital cartography equipment; Computer hardware; Software; Computer systems; Servers; Word-processing machines; Photocopying and printing equipment; Post-office equipment; Calculating and accounting machines; Typewriters; Parts and accessories of typewriters and calculating machines; Various office equipment and supplies		
Scheduled Tender/Proposal Publication Date and Time :	25-Jun-2020 10:00	Tender/Proposal Document last selling / downloading Date and Time :	12-Jul-2020 18:00
Pre - Tender/Proposal meeting Start Date and Time :	25-Jun-2020 12:00	Pre - Tender/Proposal meeting End Date and Time :	28-Jun-2020 12:00
Tender/Proposal Closing Date and Time :	13-Jul-2020 11:45	Tender/Proposal Opening Date and Time :	13-Jul-2020 11:45
Last Date and Time for Tender/Proposal Security Submission :	13-Jul-2020 11:00		

## Information for Tenderer/Consultant :

Eligibility of Tenderer :	<ul style="list-style-type: none"> <li>i) Trade License Valid for 2019-20;</li> <li>ii) In case of Limited company, the certificate of Incorporation;</li> <li>iii) Income Tax Clearance Certificate for/Return Submission receipt for the 2018-19 income year with e-TIN</li> <li>iv) Bank solvency Certificate not older than 3(three) months of bid document selling.</li> <li>v) VAT Registration Certificate;</li> </ul>
---------------------------	---



- vi) Minimum one copy of completion certificate from any government Organizations/Banks/ Financial Institutions on similar type of supply & related services;
- vii) Details Company Profile including permanent and local address of the Bid signing authority;
- viii) **Distributorship/Agency/Dealership certificate** from the Manufacturer/Principal till date for the quoted item.
- ix) Atleast 05 (Five) years general experience in the supply of computers and related goods.

**Brief Description of Goods and Related Service :** Supply, Installation & Commissioning of Online UPS.

**Evaluation Type :** Lot wise

**Document Available :** Package wise

**Document Fees :** Package wise

**Tender/Proposal Document Price (In BDT) :** 500

**Mode of Payment :** Payment through Bank

**Tender/Proposal Security Valid Up to :** 08-Nov-2020

**Tender/Proposal Valid Up to :** 11-Oct-2020

Lot No.	Identification of Lot	Location	Tender/Proposal security (Amount in BDT)	Start Date	Completion Date
1	Supply Testing Commissioning of Online UPS	ICB	2000	14-Jul-2020	13-Oct-2020

**Procuring Entity Details:**

**Name of Official Inviting Tender/Proposal :** Md. Golam Robbani  
**Designation of Official Inviting Tender/Proposal :** Assistant General Manager

**Address of Official Inviting Tender/Proposal :**  
 Address : Establishment Division, BDBL Bhaban, Level-17, 8 DIT Avenue, Rajuk, Dhaka  
**Contact details of Official Inviting Tender/Proposal :**  
**Phone No** : 02-9568655  
**Fax No** :  
**City** : Dhaka  
**Thana** : Motijheel  
**District** : Dhaka - 1000  
**Country** : Bangladesh



The procuring entity reserves the right to accept or reject all Tenders/Proposals / Pre-Qualifications / EOIs

**Note:** Bank will update the payment transactions only at the end of the day, so the tenderers should make sure the securities and other payments are made at least one day before the submission date.

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, ঢাকা**

**ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট**

**বিষয়ঃ বিজনেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট এর সার্বিক কার্যক্রম পরিদর্শন প্রসঙ্গে।**

**১। ভূমিকাঃ**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক আইসিবি'র কার্যাবলীর উপর বিভিন্ন অর্থবছরে পরিচালিত বিশদ পরিদর্শন প্রতিবেদনে আইসিবি'র আর্থিক সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহ ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট কর্তৃক পরিদর্শনের আওতায় আনার পরামর্শ/সুপারিশ প্রদান করা হয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে কর্পোরেশনের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক প্রণীত এবং অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী বিজনেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের সার্বিক কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে কি না তা পরিদর্শন করার জন্য কর্তৃপক্ষ গত ১৮.০৬.২০২০ তারিখে অনুমোদন প্রদান করেন। এ প্রেক্ষিতে আইসিবি'র বিজনেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের আওতাধীন সার্বিক কার্যক্রম (০১/৭/২০১৯ থেকে ২৫/৬/২০২০ তারিখ পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীগণ কর্তৃক ২৩.০৬.২০২০ তারিখ হতে ২৫.০৬.২০২০ তারিখ পর্যন্ত সময়ে পরিদর্শন করা হয়। এ সংক্রান্ত পর্যবেক্ষণের সার্বিক বিবরণ নিম্নে উপস্থাপন করা হলঃ

**২। বিজনেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের বর্তমান অবস্থাঃ**

**২.১) ডিপার্টমেন্টের কার্যাবলীঃ**

বিজনেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট বিডিবিএল ভবনস্থ আইসিবির প্রধান কার্যালয়ের লেভেল-২০ এ অবস্থিত। বর্তমানে এ ডিপার্টমেন্ট কর্পোরেশনের বিদ্যমান/প্রস্তাবিত ব্যবসা উন্নয়নের লক্ষে বিভিন্ন সুপারিশসহ প্রতিবেদন কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন; ব্যবসা উন্নয়নের কার্যক্রমের আওতায় আইসিবি এবং শাখাসমূহকে আরো লাভজনক পর্যায়ে উন্নীতকরণের নিমিত্ত নতুন ব্যবসায়িক পরিকল্পনার প্রস্তাব প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন; বিভিন্ন ব্যবসায়িক নীতি প্রণয়নের লক্ষে সংশ্লিষ্ট সরকারি, আধা-সরকারি, উন্নয়ন সংস্থা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখা; দেশের পুঁজিবাজারের উন্নয়নের প্রয়োজনে সরকার, দেশীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা; কর্পোরেশনের সামাজিক দায়বদ্ধতা, ব্যবসা সম্প্রসারণ তথা ব্যবসা উন্নয়ন ও পরিচিতি বৃদ্ধির লক্ষ্যে কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) ও বিজনেস ডেভেলপমেন্ট খাত হতে অর্থ সহায়তা প্রদান সংক্রান্ত কার্যক্রম সম্পাদন; কর্পোরেশনের ডোনেশন খাত হতে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত কার্যাবলী সম্পাদন; ব্লু শিল্পের ব্যবস্থাপনা অধিগ্রহণপূর্বক ইকুইটি পার্টিসিপেশন/ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়নের নিমিত্ত বিভিন্ন পদক্ষেপ গ্রহণ এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্য সম্পাদন।

*[Handwritten signature]*

*[Handwritten signature]*



গ) মিঃ আয়েশা খাতুন, গ্রাম-শ্রীপুর, ডাকঘর-ওসমান মঞ্জিল, থানা-হিজলা, জেলা-বরিশাল তার ভাই জনাব মোঃ জহিরুল ইসলামের চিকিৎসার জন্য ১.০০ (এক) লক্ষ টাকার আর্থিক সহায়তা চেয়ে ২৯/০৫/২০১৯ তারিখে কর্পোরেশনের নিকট আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্পোরেশনের অনুদান খাত হতে 'আয়েশা খাতুন, হিসাব নং-০১৩১৬০০১০২৩৬৪৩' এর অনুকূলে ১.০০ (এক) লক্ষ টাকার আর্থিক সহায়তা প্রদান অনুমোদন করেন। উল্লেখ্য যে, কর্পোরেশনের ক্ষমতা অর্পণ পরিপত্রের ১৩ নং অনুচ্ছেদ (পাতা-৩৭) অনুযায়ী একক ক্ষেত্রে সর্বোচ্চ ১.০০ (এক) লক্ষ টাকা অনুদান প্রদানের ক্ষমতা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সংরক্ষণ করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে অডিট ডিপার্টমেন্ট থেকে নিরীক্ষা ছাড়পত্র প্রদানের পরে সেন্ট্রাল অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক 'আয়েশা খাতুন' শিরোনামে ০১৩১৬০০১০২৩৬৪৩ নম্বর সঞ্চয়ী হিসাব, সোনালী ব্যাংক লিমিটেড, হিজলা শাখা, বরিশাল এর অনুকূলে ১৭/১০/২০১৯ তারিখে আর্থিক সহায়তার চেক ইস্যু করা হয়। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থবছরে কর্পোরেশনের ডোনেশন খাতে ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা বাজেট বরাদ্দ ছিল।

#### ৪। সুপারিশমালাঃ

- (ক) হাজিরা খাতা সংক্রান্ত বিষয়ে আইসিবি'র প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ৩০.০৭.২০১৭ তারিখে জারীকৃত অফিস আদেশ নং-১০৪/২০১৭ যথাযথভাবে পরিপালন করার পরামর্শ দেয়া হলো;
- (খ) হাজিরা খাতা পরিচ্ছন্ন রাখা, বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীদের CL, EL সংক্রান্তে সংঘটিত ত্রুটি-বিচ্যুতি সমূহ নিয়মিতকরণপূর্বক ০১ মাসের মধ্যে ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট কে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (গ) অফিস আদেশ ৬৯/২০১৯ অনুযায়ী পৃথক পৃথক ফাইলে নথি নম্বর (১৮ ডিজিট বিশিষ্ট ডিজিটাল নথি নম্বর), খোলার তারিখ ও ক্রোজিং এর তারিখ যথাযথভাবে সংরক্ষণ করার পরামর্শ প্রদান করা হলো;
- (ঘ) অফিস আদেশ, প্রশাসনিক পরিপত্র, বোর্ড মিটিংস ও প্রজ্ঞাপনসমূহে সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক স্বাক্ষর প্রদানপূর্বক সকলের অবগতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (ঙ) বিজনেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের সার্বিক কার্যক্রমের রিস্কসমূহ চিহ্নিত করে রিস্ক রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (চ) কর্পোরেশনের বিদ্যমান বদলী নীতিমালা অনুযায়ী ডিপার্টমেন্টে তিন বছরের অধিক সময় যাবত কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে অন্যত্র বদলির পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (ছ) ডিপার্টমেন্টের পত্রযোগাযোগের ক্ষেত্রে পত্র সংরক্ষণের লক্ষ্যে একটি পৃথক ফাইল রক্ষণাবেক্ষণের নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (জ) সেবা প্রদানে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ডিপার্টমেন্টে একটি অভিযোগ বাক্স স্থাপন করা যেতে পারে;
- (ঝ) এছাড়া প্রতিবেদনে যে সব ত্রুটি-বিচ্যুতি উল্লেখ করা হয়েছে সে বিষয়সমূহের উপর সংশোধন ও প্রতিকারমূলক ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্টকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।



৫। সার্বিক মন্তব্যঃ পর্যবেক্ষণকালে ডিপার্টমেন্টে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দলগতভাবে কাজ করার মনোভাব পরিলক্ষিত হয়েছে এবং কর্মকর্তাগণ পরিদর্শন সংক্রান্ত কাজে প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহে স্বতঃস্ফূর্ত সহযোগিতা প্রদান করেছেন। সার্বিক কার্যাবলীতে প্রতীয়মান হয় যে, ডিপার্টমেন্টের Total Quality Management সন্তোষজনক।

*M. Alam*

(মোহাম্মদ মাকছুদ আলম)

প্রিন্সিপাল অফিসার

ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট

*M. A. H. M. M. M.*

(শাহেল আহমেদ)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট



২২

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট**  
**প্রধান কার্যালয়, ঢাকা।**

**বিষয়ঃ** লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট এর সার্বিক কার্যাবলী পূর্ণাঙ্গ পরিদর্শন প্রসঙ্গে।

**পরিদর্শনের প্রেক্ষাপটঃ**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক কর্পোরেশনের উপর পরিচালিত বিশদ পরিদর্শন প্রতিবেদনে আইসিবি'র যে সমস্ত ডিপার্টমেন্টে আর্থিক সংশ্লিষ্টতা রয়েছে (যেমনঃ ঋণ প্রদান, ঋণ আদায়, ঋণের ডকুমেন্টেশন, লিস্টেড ও নন-লিস্টেড বিনিয়োগের সাথে জড়িত ডিপার্টমেন্টসমূহ) সে সমস্ত ডিপার্টমেন্ট ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট এর পূর্ণাঙ্গ পরিদর্শনের আওতায় আনার পরামর্শ/সুপারিশ করেছে। সেই নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট কর্তৃক গত ২১.০৬.২০২০ থেকে ২৫.০৬.২০২০ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন আইসিবি'র লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্টের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়।

০২) **পর্যবেক্ষণের বিষয়বস্তুঃ** কর্পোরেশনের লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্টের দৈনন্দিন কার্যাবলী (বিশেষ করে কর্ম পরিবেশ, ডিপার্টমেন্টের উপর অর্পিত দায়িত্ব, কার্যক্রমে কোন গ্যাপ পরিলক্ষিত হচ্ছে কি-না, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতি, নৈমিত্তিক ছুটির হিসাব, মুভমেন্ট রেজিস্টার, অফিস আদেশ, প্রশাসনিক পরিপত্র, প্রজ্ঞাপন, সার্কুলার ইত্যাদি সংরক্ষণ পদ্ধতি, ইউনিট লিয়েন এর বিপরীতে অগ্রিম ও আদায়ে গৃহীত ব্যবস্থা, দৈনিক লেনদেন এবং স্থানীয় যাতায়াত, ওভার টাইম, কাস্টমার সাপোর্ট সার্ভিস ও অন্যান্য বিষয়াদি।

০৩) **ডিপার্টমেন্টের অবস্থানঃ** কর্পোরেশনের লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট বিডিবিএল ভবনস্থ আইসিবি'র প্রধান কার্যালয়ের লেভেল-২০ এ অবস্থিত।

৪.১) **জনশক্তিঃ** বর্তমানে ডিপার্টমেন্টে নিম্নোক্ত ০৮ জন স্থায়ী কর্মচারি রয়েছেনঃ

ক্র. নং	নাম	পদবী	ডিপার্টমেন্টে যোগদানের তারিখ	অবস্থানকাল (২১.০৬.২০২০ তারিখ পর্যন্ত)
০১	জনাব গাজী মুহাম্মাদ ইলিয়াস	সহকারী মহাব্যবস্থাপক	১৯.০৪.২০১৭	০৩ বছর ০২ মাস ০২ দিন
০২	জনাব মোঃ সাইফুদ্দিন সজীব	প্রিন্সিপাল অফিসার	১৪.০৩.২০১৮	০২ বছর ০৩ মাস ০৭ দিন
০৩	জনাব এস.এম. সাইফুজ্জামান রাজীব	সিনিয়র অফিসার	২০.০১.২০২০	০৫ মাস ০১ দিন
০৪	মিজ শারমিন আক্তার	অফিসার	২১.১০.২০১৫	০৪ বছর ০৮ মাস ০০ দিন
০৫	মিজ রাজিয়া সুলতানা	সুপারভাইজার	২৬.০৫.২০১৩	০৪ বছর ২৫ দিন
০৬	জনাব মোঃ আরিফুর রহমান	ক্যাশিয়ার	১১.০৬.২০২০	১০ দিন
০৭	জনাব মোঃ রাশেদুল ইসলাম	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	১৪.০৬.২০২০	০৭ দিন
০৮	জনাব মোঃ রওশন আলম সরকার	অফিস সহায়ক	১৪.০৫.২০১৭	০৩ বছর ০১ মাস ০৭ দিন

কর্পোরেশনের বদলি নীতিমালা, বাংলাদেশ ব্যাংক-এর মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগের পত্র নং-মালপ্রবি (বিশেষ)২৬৭/২০০৪/৩৯১৮-৩৯৬৬, তারিখঃ ১৯/১০/২০০৪ এবং বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১৮, তারিখঃ ২৫/১০/২০১৮মোতাবেক কোন কর্মকর্তাকে একই শাখায় ০৩ (তিন) বৎসর বা তদূর্ধ্ব কাল বহাল না রাখার নির্দেশনা রয়েছে।



(as amended-2006) এর অধিন মামলা রুজুর জন্য কর্পোরেশনের তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ ফিরোজ উদ্দিন-কে দায়িত্ব প্রদান করা হয়। জনাব মোঃ ফিরোজ উদ্দিন কর্তৃক জনাব মনিবুজ্জামান চৌধুরী বরাবর গত ২৩.০৩.২০২০ তারিখে লিগ্যাল নোটিশ ইস্যু করা হয়। যেহেতু লিগ্যাল নোটিশ পরবর্তী আলোচ্য ধারক কোন অর্থ পরিশোধ করেননি তাই তার বিরুদ্ধে মামলা দায়েরের সর্বশেষ ধার্য তারিখ ছিলো ২৩.০৫.২০২০। কিন্তু কোভিড-১৯ জনিত সংক্রামণের কারণে মামলার কার্যক্রম বন্ধ থাকায় নির্দিষ্ট সময়ে মামলা দায়ের করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, বিজ্ঞ আইনজীবী সংশ্লিষ্ট চেকসমূহ পুনরায় ব্যাংকে উপস্থাপনপূর্বক (যদি অনগদায়ন হয়) পরবর্তী ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন।

১১) ইউনিট ও মিউচুয়াল ফান্ড অগ্রিমঃ ডিপার্টমেন্টের ২০১৮-২০১৯ এবং ০১/০৭/২০১৯ হতে ২১.০৬.২০২০ পর্যন্ত বাজেট বরাদ্দের বিপরীতে অর্জন এর তুলনামূলক বিবরণী নিয়ে উপস্থাপন করা হলোঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অর্থবছর	বাজেট	অর্জন
০১.	২০১৮-২০১৯	১২৫০.০০	৬৯৬.৩৪
০২.	২০১৯-২০ (২১.০৬.২০২০ পর্যন্ত)	৭১০.০০	৭৫০.৯৬

### ১২) সুপারিশমালাঃ

- (ক) হাজিরা খাতা সংক্রান্ত বিষয়ে আইসিবি'র প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ৩০.০৭.২০১৭ তারিখে জারীকৃত অফিস আদেশ নং-১০৪/২০১৭ যথাযথভাবে পরিপালন করার পরামর্শ দেয়া হলো;
- (খ) হাজিরা খাতা পরিচালনা রাখা, বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীদের CL, EL সংশ্লিষ্ট কলামে লখা সংক্রান্ত সংঘটিত ত্রুটি-বিচ্যুতি সমূহ নিয়মিত করণ পূর্বক ০১ মাসের মধ্যে ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্টকে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (গ) অফিস আদেশ ৬৯/২০১৯ অনুযায়ী সকল ফাইলে নথি নম্বর (১৮ ডিজিট বিশিষ্ট ডিজিটাল নথি নম্বর), খোলার তারিখ ও ক্রোজিং এর তারিখ যথাযথভাবে লিপিবদ্ধ করার পরামর্শ প্রদান করা হলো;
- (ঘ) অফিসআদেশ,প্রশাসনিক পরিপত্র, বোর্ড মিটিংস ও প্রজ্ঞাপনসমূহে সকলের অবগতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (ঙ) ডিপার্টমেন্টের সার্বিক কার্যক্রমের রিস্কসমূহ চিহ্নিত করে রিস্ক রেজিস্টারে লিপিবদ্ধ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (চ) কর্পোরেশনের বিদ্যমান বদলী নীতিমালা অনুযায়ী ডিপার্টমেন্টে ০৩ (তিন) বছরের অধিক সময় যাবত কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে বিধি মোতাবেক বদলীর পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (ছ) ডিপার্টমেন্টের পত্র সংরক্ষণের লক্ষ্যে একটি পৃথক ফাইল খোলার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (জ) যথাযথ সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে ডিপার্টমেন্টে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির পরামর্শ প্রদান করা হলো;
- (ঝ) প্রতিবেদনে যে সব ত্রুটি-বিচ্যুতি উল্লেখ করা হয়েছে সে বিষয়সমূহের উপর সংশোধন ও প্রতিকারমূলক ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (ঞ) বিতরণকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গ্রাহকের সাথে নিবিড় যোগাযোগ রক্ষার জন্য ডিপার্টমেন্টকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;



- (ট) সম্পদের বিপরীতে যেসকল হিসাবে ঋণের স্থিতি ৯০% অতিক্রম করেছে সেসব হিসাবের ঋণ আদায়ের লক্ষ্যে হিসাবসমূহের লভ্যাংশ/সিআইপি ইউনিট বিতরণ স্থগিত এবং ৯৫% অতিক্রান্ত হিসাবসমূহ চিহ্নিত করে দ্রুততম সময়ের মধ্যে ইউনিট সারেভার করা যেতে পারে;
- (ঠ) ঋণ চুক্তির মেয়াদ অতিক্রান্ত হওয়া ঋণ হিসাবসমূহের মেয়াদ নবায়ন করার পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (ড) ঋণের অর্থ পরিশোধে গ্রাহকদেরকে উৎসাহিত করতে অনলাইন পেমেন্ট সুবিধা প্রচলনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- (ঢ) ডিপার্টমেন্ট কর্তৃক সকল ধরনের বিল, নোট, নথি অনুমোদনের ক্ষেত্রে কর্মকর্তার নামীয় সীল ব্যবহার করার পরামর্শ প্রদান করা হলো;
- (নে) লিয়েন ক্রেডিট সংক্রান্ত স্থিতি বিবরণীসমূহ হালনাগাদ করার পরামর্শ প্রদান করা হলো।


### ১৩) সার্বিক মন্তব্যঃ

পর্যবেক্ষণকালে ডিপার্টমেন্টে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দলগতভাবে কাজ করার মনোভাব পরিলক্ষিত হয়েছে। তবে দক্ষ জনবলের অভাবে পরিদর্শন সংক্রান্ত কাজে প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহে বিঘ্ন ঘটেছে। ডিপার্টমেন্ট কর্তৃক যথাযথ তথ্য-উপাত্ত সরবরাহ না করায় পরিদর্শন দলকে বিভিন্ন ডিপার্টমেন্ট হতে তথ্য সংগ্রহ করতে হয়েছে। সার্বিক বিবেচনায় ডিপার্টমেন্টের Total Quality Management সন্তোষজনক।

  
(বেনাল হোসেন)

অফিসার

ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট



(মোঃ সোহাগ মিয়া)  
প্রিন্সিপাল অফিসার

ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট





ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ১০ চৈত্র, ১৪২৫  
২৪ মার্চ, ২০১৯

**প্রশাসনিক পরিপত্র নং-১৪/২০১৯**

কর্পোরেশনেয় শুল্কচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী কর্পোরেশনের নথিসমূহ শ্রেণিবিন্যাসকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। যথাযথভাবে সংরক্ষণের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের রেকর্ড/নথিসমূহকে নিম্নলিখিত চারটি শ্রেণিতে ভাগ করার বিষয়ে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এ নির্দেশনা রয়েছে (সংযুক্ত):

- ক) 'ক' শ্রেণির রেকর্ড:** 'ক' শ্রেণির রেকর্ড স্থায়ী রেকর্ড, যার স্থান অন্য কিছু দ্বারা পূরণীয় নয়। স্থায়ী মূল্যে অত্যাবশ্যকীয় নথিগুলো এই শ্রেণির অন্তর্ভুক্ত। 'ক' শ্রেণির রেকর্ড অতিশয় যত্নের সাথে সংরক্ষণ করতে হবে।
- খ) 'খ' শ্রেণির রেকর্ড:** 'খ' শ্রেণির রেকর্ড অর্ধস্থায়ী রেকর্ড। ১০ (দশ) বছর অথবা তদূর্ধ্ব সময়ের জন্য এ নথিসমূহ রক্ষিত হবে। স্থায়ীভাবে সংরক্ষণের জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ নয় অথচ ১০ (দশ) বছর কাল অথবা তাদের উপযোগিতা অনুসারে তদূর্ধ্বকালের জন্য সংরক্ষণযোগ্য গুরুত্বপূর্ণ নথি এ শ্রেণির অন্তর্ভুক্ত। এ নথিসমূহ রেকর্ডকৃত সূচিপত্রসহ তিন বছরের জন্য সংরক্ষিত হবে। এরপর নথিগুলো নথিপত্র সংরক্ষণাগারে পাঠাতে হবে।
- গ) 'গ' শ্রেণির রেকর্ড:** 'গ' শ্রেণির রেকর্ড সাধারণ ধরনের রেকর্ড। এ রেকর্ডসমূহ তিন হতে পাঁচ বছর কালের জন্য সংরক্ষিত হবে। যে নথিসমূহের উপযোগিতা সীমিত এবং রেকর্ডভুক্ত হবার পর মাত্র কয়েক বছরের জন্য প্রয়োজন হতে পারে সে নথিগুলো এ শ্রেণির অন্তর্ভুক্ত। সুনির্দিষ্টকালের জন্য রক্ষিত হবার পর বিনষ্টযোগ্য এ নথিসমূহের সূচিকরণের প্রয়োজন নেই।
- ঘ) 'ঘ' শ্রেণির নুটিন রেকর্ড:** এক বছর কালের জন্য এই রেকর্ডসমূহ সংরক্ষিত হবে। সাধারণত এক বছর কাল অতিক্রান্ত হবার পর, যে নথিসমূহের প্রয়োজনীয়তা আর থাকবে না এরূপ মামুলি অথবা স্বল্পকালীন প্রকৃতির কাগজপত্র এ শ্রেণির অন্তর্ভুক্ত। এ কাগজপত্রের সূচিকরণ করা হবে না এবং এক বছর পর তা বিনষ্ট করা হবে।

০২। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী কর্পোরেশনের সকল ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখা কার্যালয়ের নথিসমূহ যথাযথভাবে সংরক্ষণের উদ্দেশ্যে উপরিউক্ত চারটি শ্রেণিতে ভাগ করে তালিকাসহ এতৎসংশ্লিষ্ট তথ্য ২৮ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এ প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

  
(নুরুলহোসাইন খান)  
উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



রেকর্ডের শ্রেণিবিন্যাস :

৯০। (১) সংরক্ষণের উদ্দেশ্যে রেকর্ডসমূহকে নিম্নলিখিত চারটি শ্রেণিতে ভাগ করিতে হইবে :

- (ক) 'ক' শ্রেণির রেকর্ড : ইহা স্থায়ী রেকর্ড, যাহার স্থান অন্য কিছু দ্বারা পূরণীয় নহে। স্থায়ী মূল্যে অত্যাবশ্যকীয় নথিগুণি এই শ্রেণির অন্তর্ভুক্ত। এইগুলি অতিশয় যত্নের সহিত সংরক্ষণের প্রয়োজন। সাধারণ নিয়মানুসারে নিম্নধরনের নথিগুলি এই শ্রেণির অন্তর্ভুক্ত হইবে :
  - (অ) নীতি, আইন, বিধি এবং প্রবিধানসংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা ও আদেশ সংবলিত নথিসমূহ;
  - (আ) বরাতসূত্র নির্দেশের ব্যাপারে সুদীর্ঘকালের জন্য প্রায়ই প্রয়োজন হইতে পারে এইরূপ গুরুত্বপূর্ণ আদেশের পূর্বদৃষ্টান্ত বিষয়ক নথিসমূহ;
  - (ই) যাহাদের ব্যাপারে স্থায়ীভাবে সংরক্ষণ করা প্রয়োজন এইরূপ গুরুত্বপূর্ণ ব্যক্তিগত সম্পর্কিত নথি; এবং
  - (ঈ) রাষ্ট্রীয় দলিলপত্র (state documents) যেমন: সন্ধিপত্র (treaties) এবং বিদেশের সহিত চুক্তিপত্র।
- (খ) 'খ' শ্রেণির রেকর্ড : ইহা অর্ধস্থায়ী রেকর্ড। ১০ (দশ) বৎসর অথবা তদূর্ধ্ব সময়ের জন্য এই নথিসমূহ রক্ষিত হইবে। স্থায়ীভাবে সংরক্ষণের জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ নয় অথচ ১০ (দশ) বৎসর কাল অথবা উহাদের উপযোগিতা অনুসারে তদূর্ধ্বকালের জন্য সংরক্ষণযোগ্য গুরুত্বপূর্ণ নথি এই শ্রেণির অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ: সরকারি কর্মচারীগণের সার্ভিস রেকর্ড, উন্নয়ন প্রকল্প, বাজেট, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গঠিত কমিশন/কমিটির গুরুত্বপূর্ণ প্রতিবেদন এবং সরকারের গুরুত্বপূর্ণ নির্বাহী আদেশসংক্রান্ত নথিসমূহ এই শ্রেণির অন্তর্ভুক্ত। এই নথিসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে রেকর্ডকৃত সূচিপত্রসহ তিন বৎসরের জন্য সংরক্ষিত হইবে। ইহার পর ঐগুলি সচিবালয়ে নথিপত্র সংরক্ষণাগারে পাঠাইতে হইবে।
- (গ) 'গ' শ্রেণির রেকর্ড : ইহা সাধারণ ধরনের রেকর্ড। এই রেকর্ডসমূহ তিন হইতে পাঁচ বৎসর কালের জন্য সংরক্ষিত হইবে। যে নথিসমূহের উপযোগিতা সীমিত এবং রেকর্ডভুক্ত হইবার পর মাত্র কয়েক বৎসরের জন্য প্রয়োজন হইতে পারে ঐগুলি এই শ্রেণির অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ: ক্রয়-বিক্রয়, অস্থায়ীপদ সৃজন, কর্মকর্তাগণের বদলি এবং প্রশিক্ষণসংক্রান্ত নথিসমূহ। সুনির্দিষ্টকালের জন্য মন্ত্রণালয়/বিভাগে রক্ষিত হইবার পর বিনষ্টযোগ্য এই নথিসমূহের সূচিকরণের প্রয়োজন নাই।
- (ঘ) 'ঘ' শ্রেণির ব্লটিন রেকর্ড : এক বৎসর কালের জন্য এই রেকর্ডসমূহ সংরক্ষিত হইবে। সাধারণত এক বৎসর কাল অতিক্রান্ত হইবার পর, যে নথিসমূহের প্রয়োজনীয়তা আর থাকিবে না এইরূপ মামুলি অথবা স্বল্পকালীন প্রকৃতির কাগজপত্র এই শ্রেণির অন্তর্ভুক্ত। এই কাগজপত্রের সূচিকরণ করা হইবে না এবং এক বৎসর পর ইহা বিনষ্ট করা হইবে।

(২) ইলেকট্রনিক পদ্ধতিতে প্রাপ্ত ও নিষ্পত্তিকৃত রেকর্ডের ক্ষেত্রেও রেকর্ডের শ্রেণিকরণ ও সংরক্ষণের প্রচলিত পদ্ধতি প্রযোজ্য হইবে। ইলেকট্রনিক নথি বিনষ্টকরণের ক্ষেত্রে নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিনষ্ট করিতে হইবে।

নোট-১ : স্থায়ী নথিসমূহ রেকর্ডকৃত, সূচিকৃত (কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করিয়া অথবা অন্যবিধ উপায়ে অনুলিপিকৃত) হইবে এবং সচিবালয়ে নথিপত্র সংরক্ষণাগার অথবা আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে মূলিলিপির সহিত ন্যূনপক্ষে তিনটি প্রতিলিপি এবং সিডি জমা করিতে হইবে।

নোট-২ : মন্ত্রণালয়/বিভাগে যে সকল নথি সম্পর্কে কার্যব্যবস্থা গ্রহণ করা হয়, উহার অধিকাংশ নথি গুরুত্ব অনুসারে নির্দিষ্ট শ্রেণির অন্তর্ভুক্ত হয়। সুতরাং, কোনো সুনির্দিষ্ট বিষয়ের উপর ব্যবস্থা গ্রহণের সময় এই সকল বিভিন্ন প্রকারের নথির কার্যকাল সম্পর্কে পূর্বেই ধারণা করা গেলে, এইগুলির শ্রেণিবিন্যাসকরণ পদ্ধতি সহজতর হইবে। শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নথিগুলিতে 'রেকর্ড' চিহ্নিত করিবার সময় প্রত্যেকটি নথির যথাযথ শ্রেণিবিন্যাস করিবেন।



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

## বিনষ্টকৃত ফাইলসমূহের তালিকা:

ক্রমিক নং	ফাইলের বিবরণ	ফাইলের শ্রেণি
১।	বোর্ড সভার অতিরিক্ত ফাইল	ঘ
২।	অডিট কমিটির সভার অতিরিক্ত ফাইল	ঘ
৩।	রিস্ক ম্যানেজমেন্ট কমিটির সভার অতিরিক্ত ফাইল	ঘ
৪।	নির্বাহী কমিটির সভার অতিরিক্ত ফাইল	ঘ
৫।	এম সি সি-এর সভার অতিরিক্ত ফাইল	ঘ
৬।	পদোন্নতি কমিটি-১ এর সভা সংক্রান্ত অতিরিক্ত ফাইল	ঘ
৭।	পদোন্নতি কমিটি-২ এর সভা সংক্রান্ত অতিরিক্ত ফাইল	ঘ
৮।	নিয়োগ ও পদোন্নতি কমিটি-৩ এর সভা সংক্রান্ত অতিরিক্ত ফাইল	ঘ
৯।	বাছাই কমিটি সভার অতিরিক্ত ফাইল	ঘ
১০।	চাকুরির আবেদন সংক্রান্ত অপ্রয়োজনীয় ফাইল	ঘ
১১।	নৈতিকতা কমিটি সভার অপ্রয়োজনীয় ফাইল	ঘ
১২।	শুদ্ধাচার সংক্রান্ত ফিডব্যাক সভার অপ্রয়োজনীয় ফাইল	ঘ
১৩।	Annual Report Supporting file (H.O)	ঘ
১৪।	Annual Report Supporting file (Branch)	ঘ
১৫।	Annual Report Supporting file (Subsidiary)	ঘ
১৬।	Annual Report Correction file	ঘ
১৭।	আইসিবি পরিক্রমা ১-১৫তম খসড়া ফাইল	ঘ
১৮।	মাসিক ফাইল (প্রধান কার্যালয়)	ঘ
১৯।	মাসিক ফাইল (শাখা)	ঘ
২০।	মাসিক ফাইল (সাবসিডিয়ারি কোম্পানি)	ঘ



Handwritten signatures and initials.



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
 প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)  
 ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।  
 ফোন: ৯৫৬৩৪৫৫, ফ্যাক্স: ৮৮০২-৯৫৬৩৩১৩  
 ই-মেইল: icb@agni.com

স্মারক নং- ৫৩.১৩.০০০০.০০৯.৩৯.০০১.২০.৪৭২

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৭  
 ২৮ জুন ২০২০

## গণশুনানি বিজ্ঞপ্তি

এতদ্বারা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট এর সম্মানিত গ্রাহকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯ জুন ২০২০ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বোর্ড রুম, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ এ Video Conferencing এর মাধ্যমে কর্পোরেশনের ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট এর গ্রাহক সেবা সম্পর্কিত বিষয়ে একটি গণশুনানি অনুষ্ঠিত হবে। আলোচ্য গণশুনানি অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ zoom apps ব্যবহার করে আগ্রহী গ্রাহকগণের সাথে Video Conferencing এর মাধ্যমে উক্ত গণশুনানি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

আলোচ্য গণশুনানিতে অংশগ্রহণে আগ্রহী গ্রাহকগণকে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করে zoom apps এর মাধ্যমে যুক্ত হয়ে আইসিবির ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট এর সেবা সম্পর্কে কোন মতামত/পরামর্শ থাকলে তা ব্যক্ত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।




(মাহমুদা আক্তার)

উপ-মহাব্যবস্থাপক

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

ফোন: ৯৫৮১৬৫৩

ই-মেইল : dgm\_admin@icb.gov.bd







**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
 প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)  
 ৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।  
 হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ০৩ জাষাঢ় ১৪২৭  
 ১৭ জুন ২০২০

**অফিস আদেশ নং- ৪৬/২০২০**

আগামী ১৮ জুন ২০২০ তারিখ বেলা ১১:০০ ঘটিকা থেকে ১২:৩০ ঘটিকা পর্যন্ত দুর্নীতির কারণ ও প্রতিকার শীর্ষক অনলাইন কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় কর্পোরেশনের নিম্নোক্ত কর্মচারীগণকে মনোনীত করা হয়েছে:

ক্র.নং.	নাম	আইডি নং	পদবি	কর্মস্থল
১.	মিসেস রুখসানা ইয়াসমিন	১৯৯৫০০১৭	উপ-মহাব্যবস্থাপক	আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
২.	জনাব মোঃ শরিকুল আনাম	১৯৯৫০০১৯	ঐ	প্লানিং এন্ড রিসার্চ ডিভিশন
৩.	জনাব মোঃ এহিয়া মন্ডল	১৯৮৯০০২১	ঐ	ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন
৪.	জনাব মোঃ সাখাওয়াত হোসেন	১৯৮৯০০৩২	ঐ	AML/CFT Compliance Unit
৫.	জনাব মোঃ সেলিম বেগ	১৯৯৫০০০৭	ঐ	প্রস্তাবিত আইসিবি অ্যাসেট রিকনস্ট্রাকশন লিমিটেড
৬.	মিসেস হর আকতার আমীন	১৯৯৫০০০৮	ঐ	ডিপোজিটরি ডিভিশন
৭.	জনাব মোঃ রুহুল কবীর	১৯৯৫০০১৩	ঐ	চট্টগ্রাম শাখা
৮.	জনাব মোঃ ফোরবান আলী	১৯৯৫০০১৪	ঐ	বিশেষ তহবিল ব্যবস্থাপনা ইউনিট
৯.	মিসেস রিকাত আনোয়ার	১৯৯৫০০১৫	ঐ	লিগ্যাল অ্যাফেয়ার্স ডিভিশন
১০.	জনাব মোঃ মাহমুদুল হক	১৯৯৫০০১৬	সহকারী মহাব্যবস্থাপক	আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
১১.	জনাব মোহাঃ সামছুল আলম আকন্দ	১৯৯৫০০২০	ঐ	লোন অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট
১২.	জনাব সুলতান আহমেদ	১৯৯৫০০২১	ঐ	অডিট ডিপার্টমেন্ট
১৩.	জনাব মোঃ মাহাবুব-উল-আলম	১৯৯৫০০২৬	ঐ	অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্ট
১৪.	জনাব মোঃ নাসিমুল করিম	১৯৯৫০০৪৫	ঐ	আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
১৫.	জনাব মোঃ ইলিয়াস কবির	১৯৮৯০০২৭	ঐ	ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট
১৬.	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম	২০০৪০০২৪	সিনিয়র সিস্টেম এনালিস্ট	প্রোগ্রামিং ডিপার্টমেন্ট
১৭.	জনাব বিভাস সাহা	১৯৯৫০০৪৮	সহকারী মহাব্যবস্থাপক	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
১৮.	জনাব মোঃ মাসুদুল হাসান	১৯৯৫০০৫০	ঐ	ট্রান্সিট ডিপার্টমেন্ট
১৯.	জনাব মোঃ আবু হানিফ	১৯৯৫০০৪৬	ঐ	ইইএফ রিকভারি ডিপার্টমেন্ট-১
২০.	জনাব মোঃ মোশাররফ হোসেন	১৯৯৫০০৪৭	ঐ	ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্ট
২১.	জনাব মোঃ গোলাম রস্বানী	১৯৯৬০০১৩	ঐ	প্রকিউরমেন্ট এন্ড কমন্ সার্ভিস ডিপার্টমেন্ট
২২.	জনাব দীপক কুমার দত্ত	১৯৯৬০০০৯	ঐ	ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
২৩.	জনাব মোঃ মোশাররফ হোসেন	১৯৯৬০০১২	ঐ	প্রস্তাবিত আইসিবি অ্যাসেট রিকনস্ট্রাকশন লিমিটেড
২৪.	জনাব মোঃ আবু বকর সিদ্দিক	১৯৯৬০০১০	ঐ	ইইএফ ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্ট-১
২৫.	জনাব শামিম আহমেদ	১৯৯৭০০৩৯	ঐ	রিয়েল এস্টেট ডিপার্টমেন্ট
২৬.	জনাব মোঃ ফারুক আলম	১৯৯৭০০১১	ঐ	পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
২৭.	জনাব মাহবুবুর রহমান	২০০৪০০২১	সিনিয়র সিস্টেম এনালিস্ট	হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিপার্টমেন্ট
২৮.	জনাব মেহমুদ হাসান মুরাদ	১৯৯৭০০২৭	সহকারী মহাব্যবস্থাপক	সেক্রেটারিজ ডিপার্টমেন্ট
২৯.	জনাব মোঃ মাহবুব আলম	১৯৯৭০০০৩	ঐ	ইসপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট
৩০.	জনাব এ. কে. এম. নূরুজ্জামান	১৯৯৭০০০৫	ঐ	সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট
৩১.	জনাব মোঃ জহিরুল ইসলাম খান	১৯৯৭০০৫১	ঐ	বাজেট এন্ড রিক্র ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

০২। মনোনীত কর্মচারীগণকে নির্ধারিত তারিখ ও সময়ে অনলাইনে Zoom Cloud Meetings অ্যাপ এর মাধ্যমে কর্মশালায় সংযুক্ত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, Zoom Cloud Meetings অ্যাপ-এর মাধ্যমে কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড কর্মশালা শুরুর পূর্বে ম্যাসেঞ্জার গ্রুপ/এসএমএস-এ প্রেরণ করা হবে।



চলমান পাতা- ০২

(পাতা- ০২)

০৩। প্রশিক্ষণ কেন্দ্রের উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ নূর হোসেন ঢালী কর্মশালার সার্বিক দায়িত্ব এবং সহকারী মহাব্যবস্থাপক জনাব ভাপস ঢালী সমন্বয়ক-এর দায়িত্ব পালন করবেন। তাছাড়া, সহকারী সমন্বয়ক হিসেবে প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ ইসমাইল হোসেন ও একজন আইটি পারদর্শী দায়িত্ব পালন করবেন।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মাহমুদা আক্তার)  
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব/মিসেস
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সার্ভিসিডিয়ালি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।





সংস্কৃতি-১৫

৪৫৯। উপর্যুক্ত বিষয়ে নথি পূর্ববর্তী অনুচ্ছেদের বক্তব্যসমূহ উল্লেখ্য।

৪৬০। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা মোতাবেক ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন করা হয়েছে। আইসিবির ইনোভেশন টিম ও ইনোভেশন সেল বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর শতাংশ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কাজ করে যাচ্ছে।

৪৬১। সে প্রেক্ষিতে গত ০১.০৬.২০২০ তারিখে অনুষ্ঠিত কর্পোরেশনের ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত সভায় গৃহীত সুপারিশসমূহের মধ্যে ৮(খ) নং সুপারিশ নিম্নরূপ (সংযুক্ত):

**‘উদ্ভাবনী ৪টি প্রকল্পে মোট ১১ জন কর্মচারীকে/ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/ পুরস্কার প্রদান করা যেতে পারে’।**

৪৬২। ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নিয়ে উল্লেখিত উদ্ভাবনী ৪টি প্রকল্পের মোট ১১ জন কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্পোরেশনের ইনোভেশন সেল কর্তৃক অনুরোধ জানানো হয়েছে:

ক্রম.	উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নকারী কর্মচারীগণের নাম ও আইডি নং	পদবি	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার শিরোনাম
০১.	জনাব মোঃ রফিকুল রহমান ২০০৪০০৩১	সিস্টেম ম্যানেজার	আইসিবি পরিচিতি অ্যাপস উন্নয়ন
০২.	মিসেস মাহমুদা আক্তার ১৯৯৫০০০৯	উপ-মহাব্যবস্থাপক	আইসিবি ইউনিট ফান্ডের লভ্যাংশপত্র বিতরণ প্রক্রিয়া সহজীকরণ ও ই-ট্র্যাকিং সিস্টেম
০৩.	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম ২০০৪০০২৪	সিনিয়র সিস্টেম এনালিস্ট	
০৪.	জনাব মুহাম্মদ আবুল খায়ের আজাদ ২০০৪০০২৫	সিস্টেম এনালিস্ট	
০৫.	জনাব তৌফিকুল ইসলাম ২০১০০০২৫	প্রোগ্রামার	
০৬.	জনাব মোহাম্মদ তানভীর আজিজ ২০০৪০০২৭	সিস্টেম এনালিস্ট	ডিজিটাল লার্নার ডেস্ক (Digital Learner Desk)
০৭.	জনাব মোঃ সাইফুল ইসলাম ২০১৩০০০২	সহকারী প্রোগ্রামার	
০৮.	জনাব মোঃ আল আমিন হোসাইন ২০১৩০০০৬	সহকারী প্রোগ্রামার	
০৯.	জনাব শেখ আসলাম উদ্দিন ১৯৯৯০০০৬	সিস্টেম ম্যানেজার	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীর ক্ষণগণনার জন্য ডিসপ্লে উন্নয়ন
১০.	জনাব মাহবুবুর রহমান ২০০৪০০২১	সিনিয়র সিস্টেম এনালিস্ট	
১১.	জনাব মোঃ মাহবুব আলম ২০০৮০০৪৫	সিস্টেম এনালিস্ট	

৪৬৩। ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত ১১ জন কর্মচারীর অনুকূলে ধন্যবাদ জ্ঞাপন পত্র প্রদান করা যেতে পারে (খসড়া পত্রসমূহ সংযুক্ত)।

৪৬৪। এমতাবস্থায়, প্রস্তুতকৃত পত্রসমূহ সদয় অনুমোদন ও স্বাক্ষরের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা যেতে পারে।

০৬.০৬.২০২০  
মোহাম্মদ জহিরুল ইসলাম  
প্রিন্সিপাল অফিসার

২১.০৬.২০২০

শাখত কুমার সাহা  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

সমত/সহকারী অফিসার : শাদুল হুসেইন

কর্তৃপক্ষ (আইসিবি) মহোদয় :

২১.০৬.২০২০

মাহমুদা আক্তার  
উপ-মহাব্যবস্থাপক  
ম্যাড্রিসিষ্টেশন ডিভিশন  
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

মহাব্যবস্থাপক (আইসিবি) মহোদয়

উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়

উপ-ব্যবস্থাপনা পরিচালক

২১/০৬/২০২০

তানজিনা চৌধুরী

মহাব্যবস্থাপক  
অ্যাডমিন২১/০৬/২০২০  
মোঃ জাহিরুল ইসলাম  
উপ-ব্যবস্থাপনা পরিচালক

চলমান পাতা-

**করোনা কালে শুদ্ধাচারঃ**

- স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি সর্বত্র মেনে চলা;
- স্বাস্থ্যবিধি মেনে চলতে অন্যদের উৎসাহিত করা;
- সমাজে অবহেলিত মানুষের পাশে দাঁড়ানো;
- পারস্পরিক ভ্রাতৃত্ববোধ ও সামাজিকতা বজায় রাখা:
- করোনা আক্রান্ত রোগীদের খোঁজ খবর নেয়া এবং প্রয়োজনীয় সহযোগিতা করা;
- ভোগ্যপণ্যের অপচয় না করা;
- অনাবাদি জমি চাষাবাদে উৎসাহ দিয়ে খাদ্য সংকট নিরসনে সহযোগিতা করা;
- ই-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা;
- ভার্চুয়াল মাধ্যমে সভা/সেমিনার/প্রশিক্ষণ পরিচালনা করা।

ইতিবাচক দৃষ্টি দিয়ে গড়বো আমরা দেশ  
দুর্নীতির এ কালো ছায়া হবে এবার শেষ।

- জাহাঙ্গীর হোসেন

**শুদ্ধাচারী তিনিই**

আয়শা সুলতানা

শুদ্ধাচারী হয় না কেউ  
জন্মগত ভাবে  
অর্জন করে নিতে হয়  
এটা জানি সবে।

বিনয়ী ও সদাচারী তিনি  
থাকেন সদা প্রশান্ত  
কাজের মাঝেই শেখেন তিনি  
জীবনের মূলমন্ত্র।


পেশাগত কাজকে ভাবেন তিনি  
নিজের কাজ  
গুপিং লবিং এ তাঁর  
নেই দৌড় বাঁপ।

নিঃসন্দেহে মে-ই সফলকাম হয়েছে, যে নিজেকে  
পরিশুদ্ধ করেছে। আর মে-ই বর্ধিত হয়েছে,  
যে নিজেকে কলুষিত করেছে।

- আল কুরআন, সূরা আশ-শামস (৯-১০)

**নৈতিকতা অনুশীলন ও শুদ্ধাচার চর্চা**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  
(www.icb.gov.bd)



**শুদ্ধাচারঃ** শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষতাকে বোঝায়। ব্যক্তি পর্যায়ে এর অর্থ হলো কর্তব্যনিষ্ঠা ও সততা তথা চরিত্রনিষ্ঠা। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**নৈতিকতা অনুশীলন ও শুদ্ধাচার চর্চার প্রয়োজনীয়তাঃ** ব্যক্তি, প্রাতিষ্ঠানিক, সামাজিক ও রাষ্ট্রীয় পর্যায়ে দুর্নীতিকে নির্মূল করে সত্যনিষ্ঠ জীবনযাপন, সুশাসন প্রতিষ্ঠা ও টেকসই উন্নয়নের জন্য নৈতিকতা অনুশীলন ও শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। নৈতিকতা ছাড়া কোনো দেশ ও জাতির উন্নয়ন সম্ভব নয়।

#### কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চাঃ

- সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়া এবং নির্ধারিত সময় পর্যন্ত সক্রিয়ভাবে অবস্থান করা;
- ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে স্ব স্ব দায়িত্ব পালন করা;
- প্রতিষ্ঠানের বিধি বিধানের প্রতি শ্রদ্ধাশীল হওয়া এবং অফিস শৃঙ্খলা মেনে চলা;
- গ্রাহক/সেবা গ্রহীতাগণের সঙ্গে উত্তম আচরণ প্রদর্শন করা;
- দ্রুততম সময়ে আন্তরিকতার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হওয়া;
- সেবা প্রদানের ক্ষেত্রে কোন প্রকার উপহার/উপটোকন/কমিশন গ্রহণ না করার মানসিকতা বজায় রাখা;
- উত্তম সেবা প্রদানের নিমিত্ত পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিতে সচেষ্ট হওয়া;

- সহকর্মীদের সাথে সুসম্পর্ক বজায় রাখা ও টিম ওয়ার্কে উদ্বুদ্ধকরণ;
- প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য ব্যতীত ইন্টারনেট ব্যবহার না করার বিষয়ে সচেষ্ট হওয়া;
- প্রাতিষ্ঠানিক তথ্যের বিষয়ে গোপনীয়তা রক্ষা করা;
- দুর্নীতি ও প্রতারণামূলক কার্যক্রমে জড়িত না হওয়া;
- প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে তৎপর থাকা;
- পক্ষপাতমূলক আচরণ থেকে নিজেকে বিরত রাখা;
- তৃতীয় পক্ষের মন্তব্য দ্বারা প্রভাবিত না হয়ে পেশাদারিত্ব মনোভাব বজায় রাখা;
- প্রাতিষ্ঠানিক সম্মান ক্ষুণ্ণ হয় এমন কার্যক্রম থেকে নিজেকে নিবৃত্ত রাখা;

#### শুদ্ধাচার প্রতিষ্ঠায় করণীয়ঃ

- সততা, দক্ষতা, নিষ্ঠা, সময়ানুবর্তিতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অভ্যাস গড়ে তোলা;
- পরিবার হতে সততা, নৈতিকতা, মূল্যবোধ ও উত্তম চরিত্র সম্পর্কে শিক্ষা প্রদানের উপর গুরুত্বারোপ করা;
- দুর্নীতি প্রতিরোধে জনগণকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করা;
- সমাজ থেকে অনৈতিকতা ও মূল্যবোধহীনতা দূর করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করা;

- দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা;
- সাধারণ জনগণকে নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধ করা;
- আপামর জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা;
- সমাজে, দেশে, রাষ্ট্রে ও জাতিগত সব প্রকার বিভেদ, অন্যায় অবিচারের অবসান ঘটানো;
- সকল কাজে সততাকে লালন ও অনুসরণ করা;
- ধর্মীয় অনুশাসন মেনে জীবন-যাপন করা;
- অন্যান্যকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা থাকা;
- প্রশাসনিক কাজে নীতিবোধ, জবাবদিহিতা জাগিয়ে তোলা;
- পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিসহ তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শী হওয়া;
- আইন ও বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীল হওয়া;
- সততা, নিষ্ঠা ও ভাল কাজের স্বীকৃতি এবং অসাধুতা ও মন্দ কাজের জন্য তিরস্কার ও শাস্তির ব্যবস্থা থাকা;
- প্রাতিষ্ঠানিক অপচয়, অপব্যবহার রোধ করে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
- স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
- অন্যের মতামত ও অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হওয়া;
- স্বজনপীতি, বলপ্রয়োগ, রাজনৈতিক প্রভাব, পেশীশক্তির ব্যবহার ইত্যাদি পরিহার ও প্রতিরোধের বিষয়ে সচেতনতা সৃষ্টি করা;

“যারা কর্তব্য পালন করে না তারা দুর্নীতিবাজ”

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

**বিষয়: ২৮.০৬.২০২০ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

কর্পোরেশনের শাখাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ এ উল্লেখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল- জুন, ২০২০) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ২৮.০৬.২০২০ তারিখ বেলা ২:০০ ঘটিকায় মিসেস তানজিনা চৌধুরী, মহাব্যবস্থাপক (অ্যাডমিন) এর সভাপতিত্বে Video Conferencing এর মাধ্যমে প্রধান কার্যালয়ের কমিটি কক্ষ হতে পরিচালিত ফিডব্যাক সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন:

- (০১) **জনাব মোঃ নজরুল ইসলাম**  
মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি)
- (০২) **জনাব আব্দুল মোস্তালিব**  
উপ-মহাব্যবস্থাপক  
রাজশাহী শাখা
- (০৩) **মিসেস মাহমুদা আক্তার**  
উপ-মহাব্যবস্থাপক  
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
- (০৪) **জনাব মোঃ আনোয়ার শামীম**  
উপ-মহাব্যবস্থাপক  
স্থানীয় কার্যালয়
- (০৫) **জনাব মোঃ এহিয়া মন্ডল**  
উপ-মহাব্যবস্থাপক  
ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন
- (০৬) **জনাব মোঃ নুহুল কবীর**  
উপ-মহাব্যবস্থাপক  
চট্টগ্রাম শাখা
- (০৭) **জনাব মোঃ হাবিবুর রহমান**  
সহকারী মহাব্যবস্থাপক  
বগুড়া শাখা
- (০৮) **জনাব মোঃ সোহেল আহমেদ**  
সহকারী মহাব্যবস্থাপক  
সিলেট শাখা
- (০৯) **জনাব শেখ মোঃ আকরাম হোসেন**  
সহকারী মহাব্যবস্থাপক  
খুলনা শাখা
- (১০) **জনাব মোঃ শামীম উদ্দিন আহমেদ**  
সহকারী মহাব্যবস্থাপক  
বরিশাল শাখা
- (১১) **জনাব জাহাঙ্গীর হোসেন**  
সহকারী মহাব্যবস্থাপক  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
- (১২) **জনাব এস, এম, মজিবুর রহমান**  
সহকারী মহাব্যবস্থাপক  
ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-২
- (১৩) **জনাব আবুল কাশেম**  
সহকারী মহাব্যবস্থাপক  
ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-১



১৪. ১০/৬


০২. সভার শুরুতে সভাপতি Video conferencing এ সংযুক্ত উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার গুরুত্ব তুলে ধরে এর বাস্তবায়নে সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করেন। কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মিসেস মাহমুদা আক্তার, উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন সভার সাচিবিক দায়িত্ব পালন করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

০৩. সভায় কর্পোরেশনের শাখাসমূহ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ এ উল্লেখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২০) এর বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। Video Conferencing এ সংযুক্ত শাখাসমূহের প্রতিনিধিগণ স্ব স্ব শাখার শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন। সভায় অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের ১৪-০৬-২০২০ তারিখের সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০/১৫/২৬ সংখ্যক অফিস আদেশ এর মাধ্যমে ১৯৭১-১৯৭২ অর্থবছর থেকে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত শাখাসমূহকে অবহিত করা হয়। উক্ত অফিস আদেশের আলোকে শাখাসমূহের সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারীজনিত কারণে সরকার কর্তৃক সাধারণ ছুটি ঘোষণা ও স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় কতিপয় শাখা কর্তৃক যে সকল লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি, সে সকল লক্ষ্যমাত্রা ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে অর্জনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এতৎসংক্রান্ত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায় কর্পোরেশনের শাখা কার্যালয়সমূহকে ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত দিক নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয় হতে নির্দেশনা পাওয়া মাত্র ২০২০-২০২১ অর্থ বছরের জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে শাখাসমূহকে প্রস্তুত থাকারও পরামর্শ প্রদান করা হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে অনুষ্ঠিত অংশীজনের ও ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার নির্দেশনা অনুযায়ী প্রতিটি শাখায় শুদ্ধাচার চর্চা আরো জোরদারকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, করোনা পরিস্থিতি চলাকালীন জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত সভাসমূহ ভার্চুয়াল প্রাটফর্ম এর মাধ্যমে বাস্তবায়নের জন্য শাখাসমূহকে পরামর্শ প্রদান করা হয়। প্রতিটি শাখার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন শাখা প্রধান কর্তৃক স্বাক্ষর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সুপারিশ গৃহীত হয়:

- (০১) কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের ১৪-০৬-২০২০ তারিখের সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০/১৫/২৬ সংখ্যক অফিস আদেশ এর আলোকে শাখাসমূহের প্রতিষ্ঠালগ্ন থেকে ২০০৯-২০১০ সময়কালের সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য শাখাসমূহকে পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (০২) বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারীজনিত কারণে কতিপয় শাখা কর্তৃক যে সকল লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি, ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সে সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এতৎসংক্রান্ত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (০৩) মন্ত্রণালয় হতে নির্দেশনা পাওয়া মাত্র ২০২০-২১ অর্থ বছরের জন্য কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে শাখাসমূহকে প্রস্তুত থাকার পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (০৪) প্রতিটি শাখায় শুদ্ধাচার চর্চা আরো জোরদারকরণের বিষয়ে শাখাসমূহকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৫) করোনা পরিস্থিতি চলাকালীন জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত সভাসমূহ ভার্চুয়াল প্রাটফর্ম এর মাধ্যমে বাস্তবায়নের জন্য শাখাসমূহকে পরামর্শ প্রদান করা যেতে পারে; এবং
- (০৬) প্রতিটি শাখার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন শাখা প্রধান কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

০৪. সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মাহমুদা আক্তার)  
উপ-মহাব্যবস্থাপক

  
(তানজিনা চৌধুরী)  
মহাব্যবস্থাপক

তারিখ: ২৮ জুন ২০২০

